

আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা
(www.ashrayanpmo.gov.bd)



স্মারক নম্বরঃ ০৩.০২.০০০০.৭০২.১৪.৬৬৭.১৩-১২২২

তারিখঃ ১৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মুজিব শতবর্ষ উপলক্ষে খাস জমিতে ব্যারাক নির্মাণের মাধ্যমে এবং ২ শতাংশ খাস জমি বন্দোবস্ত প্রদানপূর্বক একক গৃহ নির্মাণের মাধ্যমে 'ক' শ্রেণীর অর্থাৎ ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলী।

১। "মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা-২০২০" অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন করতে হবে। প্রথম পর্যায়ে শুধুমাত্র 'ক' শ্রেণীর অর্থাৎ ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন করা হবে।

২। জেলা প্রশাসন হতে সেপ্টেম্বর/২০২০খ্রিঃ তারিখে প্রেরিত সংখ্যা ও প্রদত্ত তথ্যের ভিত্তিতে এখনই ব্যারাক নির্মাণ উপযোগী খাস জমিতে ব্যারাক নির্মাণের মাধ্যমে এবং ২ (দুই) শতাংশ খাস জমি বন্দোবস্ত প্রদানপূর্বক একক গৃহ নির্মাণের মাধ্যমে পুনর্বাসন করা হবে। এক্ষেত্রে ভিক্ষুক, প্রতিবন্ধী, বিধবা, স্বামী পরিত্যক্তা, ষাটোর্ধ্ব প্রবীণ ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করে উপজেলা টাঙ্কফোর্স কমিটি উপকারভোগী নির্বাচন করবে।

৩। সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক ব্যারাক নির্মাণ কাজ শুরু করার সুবিধার্থে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক প্রস্তাবিত প্রকল্পের জন্য প্রকল্প প্রস্তাবনা ছক পূরণ করতঃ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের স্বাক্ষর গ্রহণ করতে হবে। আশ্রয়ণ-২ প্রকল্পের কর্মকর্তাগণ সরেজমিনে পরিদর্শন করার সময় সংশ্লিষ্ট সকল তথ্য সম্বলিত কাগজপত্র ও প্রকল্প প্রস্তাবনার মূল কপি হস্তান্তর করতে হবে।

৪। একক গৃহ নির্মাণের জন্য অনুমোদিত নকশা ও প্রাক্কলন আশ্রয়ণ-২ প্রকল্পের ওয়েবসাইট www.ashrayanpmo.gov.bd ▶ download থেকে সংগ্রহ করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে সরাসরি প্রকল্প পরিচালকের (☎ ০২-৪৮১১২৬১৮ মোবাইল-০১৭১১৫৬৪৬৬৬) সাথে যোগাযোগ করতে হবে।

৫। প্রতিটি একক গৃহের আয়তন ৩৯৪ বর্গফুট। ২ (দুই) কক্ষ বিশিষ্ট সেমি পাকা গৃহে একটি টয়লেট, একটি রান্নার কক্ষ ও ইউটিলিটি স্পেস রয়েছে। মালামাল ক্রয়ের ক্ষেত্রে গুণগত মান নিশ্চিত করতে হবে। প্রতিটি গৃহের নির্মাণ ব্যয় এক লক্ষ একাত্তর হাজার টাকা।

৬। উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসের ১ম সপ্তাহে ঘর নির্মাণ কাজের অগ্রগতির সচিত্র প্রতিবেদন ashrayanpmo@gmail.com এই ই-মেইলে প্রেরণ করবেন।

৭। উপজেলা নির্বাহী অফিসার এর সভাপতিত্বে গঠিত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সরাসরি ক্রয় পদ্ধতিতে গৃহ নির্মাণ কাজ বাস্তবায়ন করবে।


৮। গৃহ নির্মাণের জন্য বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে জিও এর মাধ্যমে প্রদান করা হবে। উপজেলা নির্বাহী অফিসার বরাদ্দকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে কাজ করবেন। খরচের বিল/ভাউচারের এক কপি সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে এবং অপর একটি কপি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

৯। জেলা প্রশাসকের সভাপতিত্বে গঠিত মনিটরিং কমিটি ঘরের নির্মাণ কাজ নিয়মিতভাবে পরিদর্শন করে কাজের গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করবেন।

১০। নির্মিত ঘরের দৃশ্যমান স্থানে উপকারভোগীর পরিচিতি ও অর্থবছর উল্লেখ করে প্রকল্প কার্যালয় হতে প্রদত্ত নমুনা মোতাবেক ফলক স্থাপন করতে হবে।

উপজেলা নির্বাহী অফিসার

----- (সকল)



মোঃ মাহবুব হোসেন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

☎ : ০২-৪৮১১২৬১৮
মোবাইল : ০১৭১১৫৬৪৬৬৬

ই-মেইল : ashrayanpmo@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/ সচিব, -----।
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
৪. বিভাগীয় কমিশনার ----- (সকল)।
৫. জেলা প্রশাসক ----- (সকল)।
৬. ----- উপজেলা ----- জেলা।
৭. অফিস কপি।